রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ডিসেম্বর ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**চলচ্চিত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ আশ্বিন ১৪২৬/০২ অক্টোবর ২০১৯

**স্মারক নং-২৭০**—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণে সরকারি মঞ্জুরি প্রদান নিয়মাবলি ২০১৯

১। **উপক্রমণিকা :**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে নিম্নরূপভাবে নিয়মাবলি প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম :**

এ নিয়মাবলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে স্বল্পদৈর্ঘ্য এবং প্রামাণ্যচিত্র নির্মাণে সরকারি মঞ্জুরি প্রদান নিয়মাবলি ২০১৯ নামে অভিহিত হবে।

৩। **মঞ্জুরি অর্থের পরিমাণ :**

মনোনীত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণে পরিচালককে নিয়মাবলির আওতায় স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা এবং প্রামাণ্যচিত্র নির্মাণের ক্ষেত্রে সর্বোচ্চ ২০.০০ (বিশ) লক্ষ টাকা অর্থ মঞ্জুরি প্রদান করা হবে।

৪। **মঞ্জুরি প্রদান প্রক্রিয়া :**

(ক) স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের জন্য অর্থের ব্যবস্থাপনা তথ্য মন্ত্রণালয়ের নিকট ন্যস্ত থাকবে।

(খ) প্রয়োজনায় থাকবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষে গঠিত চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি।



মূল্য : টাকা ৮.০০

(গ) বাছাইকৃত এবং অনুমোদিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের পরিচালককে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণে সরকারি মঞ্জুরি প্রদান নিয়মাবলি ২০১৯' এর আওতায় অর্থ প্রদান করা হবে।

(ঘ) মঞ্জুরি প্রদান করার জন্য একটি মঞ্জুরি প্রদান কমিটি ও একটি বাছাই কমিটি গঠন করা হবে :

**মঞ্জুরি কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | - | সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩. | সচিব, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | - | সদস্য |
| ৫. | ব্যবস্থাপনা পরিচালক, বিএফডিসি | - | সদস্য |
| ৬. | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | - | সদস্য |
| ৭. | জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | জনাব ফরিদুর রেজা সাগর, ব্যবস্থাপনা পরিচালক, চ্যানেলআই | - | সদস্য |
| ৯. | প্রফেসর ড. শফিউল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| ১০. | বেগম কবরী সারোয়ার, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১১. | জনাব এম এ আলমগীর, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১২. | জনাব খসরু, প্রযোজক ও পরিবেশন সমিতি, ঢাকা | - | সদস্য |
| ১৩. | যুগ্মসচিব, চলচ্চিত্র, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

**বাছাই কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব আকবর হোসেন পাঠান (ফারুক), এমপি ও অভিনয় শিল্পী | - | সভাপতি |
| ২. | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | - | সদস্য |
| ৩. | জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | প্রফেসর মতিন রহমান, চলচ্চিত্র পরিচালক | - | সদস্য |
| ৫. | মিজ রওশন আরা রোজিনা, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ৬. | জনাব পিপলু খান, চলচ্চিত্র নির্মাতা | - | সদস্য |
| ৭. | বেগম রোকেয়া প্রাচী, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ৮. | জনাব মানজারে হাসিন মুরাদ, চলচ্চিত্র নির্মাতা | - | সদস্য |
| ৯. | জনাব রাকিব আহমেদ, চলচ্চিত্র নির্মাতা | - | সদস্য |
| ১০. | জনাব কাজী কামাল, চলচ্চিত্র পরিচালক | - | সদস্য |
| ১১. | জনাব ফেরদৌস আহমেদ, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১২. | জনাব রিয়াজ আহমেদ, অভিনয় শিল্পী | - | সদস্য |
| ১৩. | উপসচিব, চলচ্চিত্র-২, তথ্য মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

(ঙ) "বাছাই কমিটি বাছাই কার্যক্রম সম্পন্ন করার পর চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি কর্তৃক চূড়ান্তভাবে বাছাইকৃত স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্যচিত্রের তালিকা বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক বরাবর প্রদান করবেন"

(চ) গল্প/চিত্রনাট্য এবং প্রস্তাব বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটি সুপারিশ প্রদান করবে।

(ছ) মঞ্জুরি বরাদ্দের বিষয়ে মঞ্জুরি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৫। **মঞ্জুরি প্রদানের জন্য বিচার্য বিষয়সমূহ :**

মঞ্জুরি ও বাছাই কমিটি প্রাপ্ত প্রস্তাবনাসমূহ বাছাই এর জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করবে :

(ক) **নির্মাতা/পরিচালকের যোগ্যতা ও অভিজ্ঞতা :** প্রস্তাবকারী পরিচালকের পূর্ব নির্মিত একটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র অথবা নির্মাণের সাথে সংশ্লিষ্ট এক বা একাধিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র তার ভূমিকা বিবেচনা করে অথবা প্রস্তাবকৃত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের ব্যাপারে স্পষ্ট ধারণা বা সক্ষমতা বিবেচনা করে কমিটি পরিচালকের যোগ্যতা নির্ধারণ করবে;

(খ) বিষয়বস্তু, সংলাপ ও চিত্রনাট্য;

(গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে প্রস্তাবিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের জন্য মনোনীত শিল্পী-কলাকুশলীর মান ও অভিজ্ঞতা;

(ঘ) সংশ্লিষ্ট স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণ সংস্থার কারিগরি, আর্থিক ও অবকাঠামোগত সক্ষমতা;

(ঙ) সংশ্লিষ্ট পরিচালকের আর্থিক সক্ষমতা;

(চ) নির্মাণাধীন, সমাপ্ত বা মুক্তিপ্রাপ্ত কোন স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের চিত্রনাট্য অনুদানের জন্য বিবেচিত হবে না।

(ছ) নির্মিত প্রতিটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) অন্যূন ১৫-২০ মিনিট হতে হবে। তবে বিশেষ প্রয়োজনে মঞ্জুরি কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে এ স্থিতিকাল পুনঃনির্ধারণ করা যাবে।

৬। **অর্থ প্রদান পদ্ধতি :**

(ক) মনোনীত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত চুক্তিপত্র সম্পাদনের পর মঞ্জুরির ৫০% অর্থ প্রদান করা হবে। অনধিক ২ মাসের মধ্যে সম্পূর্ণ চিত্রায়নের পর তা মঞ্জুরি কমিটি কর্তৃক (চিত্রায়িত অংশ) সন্তোষজনক বিবেচিত হলে মঞ্জুরির ৩০% অর্থ প্রদান করা হবে।

(খ) সম্পূর্ণ চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণ ও সরবরাহের পর মঞ্জুরি কমিটির সুপারিশক্রমে অবশিষ্ট ২০% অর্থ প্রদান করা হবে।

(গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণ, অর্থ বছরের অবশিষ্ট সময় ইত্যাদিসহ বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ ১ম ও ২য় কিস্তির টাকা একসঙ্গে ছাড় করতে পারবে। এ ক্ষেত্রে ৩য় কিস্তির (শেষ কিস্তির) টাকা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রটির সম্পূর্ণ নির্মাণ ও সরবরাহের পর মঞ্জুরি কমিটির সিদ্ধান্ত অনুসারে অর্থ ছাড় করা হবে।

৭। **আবেদন প্রক্রিয়া :**

(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের মঞ্জুরি প্রাপ্তির লক্ষ্যে গল্প, চিত্রনাট্য এবং স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের সার্বিক পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্রস্তাব অহবান করে পত্রিকা ও অন-লাইন মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আগ্রহী পরিচালক/ নির্মাতাগণকে প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তানুসারে প্রস্তাব দাখিল করতে হবে।

(খ) প্রস্তাব দাখিলের সময় প্রস্তাবক/পরিচালক/চিত্রনাট্যকারের পূর্ণ নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র, ব্যাংক হিসাব নম্বর ও টিআইএন নম্বর স্পষ্টাক্ষরে অবশ্যই প্রস্তাবের সাথে উল্লেখ করতে হবে।

(গ) পূর্ণাঙ্গ প্রস্তাবের সাথে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের প্রস্তাবিত শিল্পী ও কলাকুশলীদের নাম, নির্মাণ সংস্থার কারিগরি, সক্ষমতার বিবরণ, আউটডোর শুটিং স্পটের বিবরণ, নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের নমুনা (যদি থাকে) ও নির্মিতব্য স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের বাজেট বিভাজন দাখিল করতে হবে।

(ঘ) গল্প, চিত্রনাট্য এবং নির্মাণের সঠিক কর্ম-পরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্রস্তাবের প্রতিটির ৫ (পাঁচ) কপি করে জমা দিতে হবে।

৮। **স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের শর্ত :**

(ক) প্রথম চেক প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজনে/অনিবার্য কারণে/বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

(খ) স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের সময় সাব-টাইটেল দিতে হবে;

(গ) শুধু বাংলাদেশের নাগরিক মঞ্জুরি প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। সকল শিল্পী/ কলাকুশলীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশি শিল্পী/কলাকুশলীর প্রয়োজন হয়, সেক্ষেত্রে মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবেন;

(ঘ) স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে বঙ্গবন্ধুর পরিণত বয়সের কোন অভিনয় থাকবে না। তবে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর পূর্বে ধারণকৃত প্রামাণ্যচিত্র ব্যবহার করা যাবে;

(ঙ) উপযুক্ত কারণ ছাড়া যদি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রমাণ্যচিত্র নির্মাণ শুরু না করেন কিংবা অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে ঐ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয়-সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত মঞ্জুরির অংশ আদায়ের জন্য সরকার যেকোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

(চ) জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে প্রযোজক বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করবে;

(ছ) প্রস্তাবিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র ডিজিটাল ফরমেটে (**2k/4k Resolution**-এ) হতে হবে। তবে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র বাংলাদেশের বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে;

(জ) নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের স্বত্ব পূর্ণাঙ্গরূপে তথ্য মন্ত্রণালয়ের হবে; এবং

(ঝ) মঞ্জুরি গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে তথ্য মন্ত্রণালয়ের সাথে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তি স্বাক্ষর করতে হবে।

৯। জনস্বার্থে জারিকৃত এ নিয়মাবলি অবিলম্বে কার্যকর হবে।

**আবদুল মালেক**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd